

নম্বর ০৫.০০.০০০০.২০০.২৫.০৩২.২০.২৯০

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৮

১০ অক্টোবর ২০২১

### বিজ্ঞপ্তি

বিষয়: ১৩৪তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স (এসিএডি)'- এ অংশগ্রহণে আগ্রহী কর্মকর্তাগণের নিকট থেকে আবেদনপত্র আহ্বান।

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি), সাভার, ঢাকায় আগামী ২১/১১/২০২১ হতে ১৯/০১/২০২২ তারিখ পর্যন্ত ৬০ দিন মেয়াদে জনপ্রশাসন মন্ত্রণালয় সংশ্লিষ্ট সরকারের উপ-সচিব এবং সমপর্যায়ের বিসিএস ক্যাডার কর্মকর্তাগণের জন্য '১৩৪তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স (এসিএডি)' পরিচালিত হবে। উক্ত কোর্সে অংশগ্রহণে আগ্রহী কর্মকর্তাগণকে সংযুক্ত আবেদনপত্র ছক (আবেদন ছক) পূরণ পূর্বক আগামী ২১/১০/২০২১ তারিখ (বৃহস্পতিবার) বিকাল ৫.০০ টার মধ্যে অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো

### শর্তাবলী:

- (ক) স্বাস্থ্য বিধি মেনে সামাজিক দুরত্ব বজায় রেখে স্বশরীরে উপস্থিতির মাধ্যমে বিপিএটিসি-তে পরিচালিত হবে;
- (খ) জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক বিপিএটিসি-এর অনুকূলে সংশ্লিষ্ট প্রশিক্ষণ খাতে বরাদ্দকৃত অর্থ হতে মনোনীত কর্মকর্তাগণের কোর্স ফি এবং এ প্রশিক্ষণ বাবদ অন্যান্য ব্যয় নির্বাহ করা হবে;
- (গ) কোর্স শুরুর তারিখে আবেদনকারী কর্মকর্তার বয়স অনুর্ধ্ব ৫৬ বছর হতে হবে;
- (ঘ) আবেদনপত্র ছকের (আবেদন ছক) নির্ধারিত স্থানে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন/সুপারিশ অবশ্যই থাকতে হবে। চূড়ান্ত মনোনয়নের পর কোনক্রমেই কোর্স হতে অব্যাহতির আবেদন গ্রহণযোগ্য হবে না;
- (ঙ) চাহিদা/প্রয়োজনের তুলনায় আবেদনকারী কর্মকর্তার সংখ্যা বেশি হলে জ্যেষ্ঠতার ভিত্তিতে মনোনয়ন চূড়ান্ত করা হবে; এবং
- (চ) নির্ধারিত ছকে আবেদনপত্র প্রাপ্তির পর চূড়ান্ত মনোনয়ন তালিকা জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশ করা হবে।

১০-১০-২০২১

মোঃ আবদুর রউফ মিয়া

উপসচিব

ফোন: ৯৫১৫৫২৫

ইমেইল: it1@mopa.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল), ..... (অধীনস্থ সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করার জন্য নির্দেশক্রমে সর্বিনয় অনুরোধ করা হলো)
- ২) রেক্টর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
- ৩) অতিরিক্ত সচিব, ক্যারিয়ার প্ল্যানিং ও ট্রেনিং অনুবিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৪) যুগ্মসচিব, অভ্যন্তরীণ এবং বিদেশ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৫) পরিচালক, পিপিআর অনুবিভাগ, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
- ৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৭) সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৮) অফিস কপি